

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
অবা-১ শাখা  
আদেশ

তারিখ : ১ শ্রাবণ ১৪২১ বঙ্গাব্দ/১৬ জুলাই ২০১৪ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং-১৯০-আইন/২০১৪ —Imports and Exports (Control) Act, 1950(Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানী নীতি আদেশ, ২০১২-২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (২৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (২৬) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২৬) ইথাইলিন অক্সাইড গ্যাস—

- (অ) প্রশাসনিক মন্ত্রণালয় বা বিনিয়োগ বোর্ড বা ঔষধ প্রশাসন অধিদপ্তরের সুপারিশ মোতাবেক, প্রধান বিস্ফোরক পরিদর্শকের পূর্বানুমতিক্রমে, শিল্প প্রতিষ্ঠান (Bottling কারখানাসহ) কর্তৃক সিলিন্ডারে করিয়া বা বাস্ক আকারে (এইচ এস হেডিং নম্বর ২৭.০৯ এর এইচ এস কোড নম্বর ২৭.০৯.০০.০০) আমদানীযোগ্য হইবে;
- (আ) বাস্ক আকারে আমদানীর পর সিলিন্ডারভুক্ত করিয়া Explosives Act, 1884 (Act. IV of 1884) ও তদধীন প্রণীত বিধিমালার আওতায় গৃহীত লাইসেন্সধারীদের নিকট বিক্রয়যোগ্য হইবে এবং উক্তরূপে বিক্রিত গ্যাসের বিক্রয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খন্দকার ফাতেমা বেগম

যুগ্ম-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৬৩৫৫)

মূল্য : টাকা ৪.০০